দৈনিক সংবাদ

তারিখ 09 OCT 1991
পৃষ্ঠা ১ কলাম ৫

10

# চট্টগ্রাম পলিটেকনিকে সংঘর্ষ ।। আহত ২০

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৮ই অক্টোবর।– চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউটে আজ সকালে ইসলামী ছাত্র শিবির ও জাতীয়তাবাদী ছাত্রদলের কর্মীদের মধ্যে প্রচন্ড সংঘর্ষ হয়েছে।

দেড় ঘন্টা স্থায়ী এ সংঘর্ষে উভয়পক্ষের ২০ জন আহত হয়।

পুলিশ ঘটনাস্থল থেকে অস্ত্রসহ শিবিরের ১৭ জন নেতা ও কর্মীকে গ্রেফতার করেছে। আহতদের মধ্যে ছাত্রদলের দু'জন কর্মীর অবস্থা আশংকাজনক।

প্রতক্ষ্যদর্শীরা জানান, 'ছাত্রদলের ঘাঁটি' হিসেবে পরিচিত পলিটেকনিক ইনস্টিটিউটে সকাল সাড়ে ৯টায় ক্লাস চলাকালে ছাত্রাবাসের পেছন দিক দিয়ে স্টেনগান, কাটা রাইফেল, বন্দুক, পাইপগান ও কিরিচ সজ্জিত একদল শিবিরকর্মী গুলী করতে করতে ক্যাম্পাসে প্রবেশ করে এবং ছাত্র সংসদসহ বিভিন্ন শ্রেণীকক্ষে অতর্কিত হামলা চালায়। তারা ৪/৫টি শ্রেণীকক্ষে ব্যাপক ভাংচুর করে এবং সাধারণ ছাত্রদের নির্বিচারে মারপিট করে। ক্লাসরত ছাত্ররা আতংক ও প্রাণভয়ে পালাতে থাকে। কিছু ছাত্র নিরাপত্তার জন্য লাইব্রেরীতে আশ্রয় নিলে সশস্ত্র শিবিরকর্মীরা সেখানেও হামলা চালায়।

এক পর্যায়ে ছাত্রদল কর্মীরা সংগঠিত হয়ে শিবিরকর্মীদের ধাওয়া করলে সংঘর্ষ মারাত্মক আকার নেয়।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে এলে সশস্ত্র শিবিরকর্মীরা ককটেল ফাটিয়ে ও গুলী করতে করতে পালিয়ে যায়। তবে পুলিশ তাদের পিছু নিয়ে

পলিটেকনিক : পৃঃ ৮ কঃ ২

## পলিটেকনিক : সংঘর্ষে আহত ২০

(১ম পাতার পর)

১৭ জনকে গ্রেফতার করতে সমর্থ হয়। গ্রেফতারকৃতদের মধ্যে শিবিরের তিনজন নেতা রয়েছে। এরা হল, কেন্দ্রীয় প্রচার সম্পাদক মনসুর আহমদ, মহানগর সভাপতি মোহাম্মদ শাহজাহান ও সাধারণ সম্পাদক মোহাম্মদ শাহ আলম। পুলিশ এদের কাছ থেকে ৩টি পাইপগান ও ২টি এলজি উদ্ধার করেছে। পাঁচলাইশ থানায় পৃথক মামলা হয়েছে।

সন্ধ্যায় চট্টগ্রাম প্রেসক্লাবে পৃথক সাংবাদিক সম্মেলনে দু'টি ছাত্র সংগঠনই ঘটনার জন্য পরস্পরকে দায়ী করেছে। ছাত্র শিবির আগামীকাল নগরীর সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট ডেকেছে।